



জাতীয় ক্রীড়া পরিষদ

ক্রীড়া অধিশাখা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০

www.nsc.gov.bd

স্মারক নং ৩৪.০৩.০০০০.০০৪.০৬.০৪৬.২১-২৭৫

তারিখঃ ২২ এপ্রিল ২০২৪

বিজ্ঞপ্তি

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জ্যেষ্ঠ পুত্র, স্বাধীনতা-উত্তর বাংলাদেশে আধুনিক ও আর্ন্তজাতিকমানের ক্রীড়া প্রবর্তনের রূপকার শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্মবার্ষিকী (০৫ আগস্ট ১৯৪৯) উপলক্ষে প্রতিবছরের ন্যায় এ বছরও জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক “শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার” প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নীতিমালা অনুযায়ী - ১। আজীবন সম্মাননা ২। খেলোয়াড়/ক্রীড়াবিদ ৩। ক্রীড়া সংগঠক ৪। উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ ৫। ক্রীড়া অ্যাসোসিয়েশন/ফেডারেশন/ক্রীড়া সংস্থা ৬। ক্রীড়া সাংবাদিক ৭। ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর ৮। ক্রীড়া ধারাবাহ্যকার এই ৮টি ক্ষেত্রে যোগ্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে (নীতিমালার অনুঃ ৭ অনুসরণে; কপি সংযুক্ত) আগামী ২১ মে ২০২৪ তারিখের মধ্যে সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ বরাবর আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হল (আবেদনের কপি সংযুক্ত)।

২.০ বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) ফর্দ।

পরিচালক (ক্রীড়া)

জাতীয় ক্রীড়া পরিষদ

ফোন: ৪১০৫০৫৪৪।

বিতরণ:

১। বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় ক্রীড়া সংস্থা.....

২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা ক্রীড়া সংস্থা.....

৩। সভাপতি/সাধারণ সম্পাদক/মহাসচিব, বাংলাদেশ.....ফেডারেশন/এসোসিয়েশন/বোর্ড/সংস্থা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রচারার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

২। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা

৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), ঢাকা

৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা

৫। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী ফাউন্ডেশন, ঢাকা

৬। মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭। সচিব এর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮। জনসংযোগ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ায় ব্যাপক প্রচারের জন্য)

৯। সহকারি প্রোগ্রামার, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

১০। দপ্তর কপি



জাতীয় ক্রীড়া পরিষদ

ক্রীড়া অধিশাখা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০

Web: www.nsc.gov.bd, e-Mail: info@nsc.gov.bd

পাসপোর্ট
সাইজের
২ কপি
রংগিন ছবি

শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার - ২০২৪ এর আবেদনপত্র

- ১। নাম (বাংলায়) :
- ইংরেজিতে (Capital Letter) :
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। জাতীয় পরিচয় পত্র নম্বর :
(কপি সংযুক্ত করতে হবে)
- ৫। জাতীয়তা :
- ৬। জন্ম তারিখ :
- ৭। বয়স :
- ৮। স্থায়ী ঠিকানা :
.....
- ৯। বর্তমান ঠিকানা :
.....
- ১০। টেলিফোন/মোবাইল নাম্বার :
- ১১। যে ক্ষেত্রে পুরস্কারের আবেদন করা হয়েছে (টিক ✓ চিহ্ন) : ক) আজীবন সম্মাননা খ) খেলোয়াড়/ ক্রীড়াবিদ
গ) ক্রীড়া সংগঠক ঘ) উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ ঙ) ক্রীড়া অ্যাসোসিয়েশন/ফেডারেশন/বোর্ড/ক্রীড়া সংস্থা
চ) ক্রীড়া সাংবাদিক ছ) ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর জ) ক্রীড়া ধারাভাষ্যকার।
- ১২। পুরস্কার প্রদানের জন্য সুপারিশের স্বপক্ষে ক্রীড়াক্ষেত্রে অবদানের (স্বর্ণ/রৌপ্য/ব্রোঞ্জসহ পদক)সংক্ষিপ্ত বিবরণ :
(প্রয়োজনে অতিরিক্ত তথ্য আলাদা কাগজে সংযুক্ত করা যাবে) (প্রমাণক সংযুক্ত করতে হবে)
.....
.....
- ১৩। অন্য কোন পুরস্কার পেয়েছেন কিনা (প্রযোজ্য হলে বিবরণ) :
(প্রমাণক সংযুক্ত করতে হবে)
.....
.....
- ১৪। এ মর্মে অঙ্গীকার করছি যে,আবেদনে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত কাগজ পত্রাদি সঠিক।

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর

৭. পুরস্কার প্রাপ্তির যোগ্যতা :

৭.১ আজীবন সম্মাননা : খেলোয়াড়/ক্রীড়াবিদ হিসেবে জীবনব্যাপী ক্রীড়া বিষয়ক কার্যক্রম ও সাফল্য, স্বীকৃতি/সনদ/অর্জনের প্রামাণ্য তথ্যাদি দাখিলযোগ্য হবে;

৭.২ খেলোয়াড়/ক্রীড়াবিদ

- ৭.২.১ জাতীয় টুর্নামেন্ট/প্রতিযোগিতায় অর্জন (একক/দলগত);
- ৭.২.২ আন্তর্জাতিক টুর্নামেন্ট/প্রতিযোগিতায় অর্জন (একক/দলগত);
- ৭.২.৩ দেশে/বিদেশের কোন স্বীকৃতি;
- ৭.২.৪ ক্রীড়া শিক্ষা সংক্রান্ত কোন সনদ;
- ৭.২.৫ ক্রীড়া ক্ষেত্রে বিশেষ কোন অবদান;
- ৭.২.৬ অন্যান্য (যদি কিছু থাকে);

৭.৩ ক্রীড়া সংগঠক

- ৭.৩.১ জাতীয় টুর্নামেন্ট/প্রতিযোগিতা আয়োজনের সাংগঠনিক সম্পৃক্ততা ও দক্ষতা;
- ৭.৩.২ আন্তর্জাতিক টুর্নামেন্ট/প্রতিযোগিতা আয়োজনের সাংগঠনিক সম্পৃক্ততা ও দক্ষতা;
- ৭.৩.৩ ক্রীড়া সংগঠক হিসেবে কোন ক্লাব, অ্যাসোসিয়েশন, ফেডারেশন বা ক্রীড়া সংস্থায় নিয়োজিত;
- ৭.৩.৪ কোন ক্লাব, অ্যাসোসিয়েশন, ফেডারেশন বা ক্রীড়া সংস্থার পরিচালনা পর্ষদ কিংবা কার্যনির্বাহী কমিটিতে অস্তিত্ব;
- ৭.৩.৫ জাতীয়/আন্তর্জাতিক কোন স্বীকৃতি;
- ৭.৩.৬ ক্রীড়া সংগঠক হিসেবে দেশে-বিদেশে বাংলাদেশের প্রতিনিধিত্ব করা ও বিশেষ কৃতিত্ব অর্জন;
- ৭.৩.৭ ক্রীড়া-হিতৈষী কোন কার্যক্রমে অংশগ্রহণ ইত্যাদি;

৭.৪ উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ :

- ৭.৪.১ বয়স ও অভিজ্ঞতা বিবেচনায় জাতীয় ও আন্তর্জাতিক কোন টুর্নামেন্টে অংশগ্রহণ করে অভাবিত সাফল্য অর্জন এবং ভবিষ্যতে প্রতিভা ও নৈপুণ্যের নির্দেশক কার্যক্রম;

৭.৫ ক্রীড়া অ্যাসোসিয়েশন/ফেডারেশন/ক্রীড়া সংস্থা :

- ৭.৫.১ জাতীয় ক্রীড়া পরিষদের অধিভুক্তি;
- ৭.৫.২ জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ, আয়োজনের সংখ্যা ও সাফল্য;
- ৭.৫.৩ প্রশিক্ষণ আয়োজন;
- ৭.৫.৪ বার্ষিক ক্রীড়াপঞ্জি প্রণয়ন;
- ৭.৫.৫ প্রতিভা অন্বেষণ কর্মসূচি আয়োজন;
- ৭.৫.৬ বার্ষিক কর্ম-পরিকল্পনা তৈরি;
- ৭.৫.৭ কার্যনির্বাহী কমিটির নিয়মিত নির্বাচন অনুষ্ঠান;
- ৭.৫.৮ বার্ষিক আয়-ব্যয়ের হিসাব ও নিরীক্ষা প্রতিবেদন তৈরি;
- ৭.৫.৯ স্বচ্ছতা ও জবাবদিহিতা;
- ৭.৫.১০ অভ্যন্তরীণ সুশাসন ও ব্যবস্থাপনা ;

৭.৫.১১ দাফতরিক কাজে তথ্য-প্রযুক্তির ব্যবহার ইত্যাদি ।

৭.৬ ক্রীড়া সাংবাদিক :

- ৭.৬.১ ক্রীড়াক্ষেত্রে ইতিবাচক অবদান রেখেছেন এমন 'ক্রীড়া সাংবাদিক' যিনি কোন প্রিন্ট কিংবা ইলেকট্রনিক গণমাধ্যমে অতীতে ক্রীড়া সাংবাদিকতা পেশায় নিয়োজিত ছিলেন বা বর্তমানে ক্রীড়া সাংবাদিকতা করছেন ।

৭.৭ ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর :

- ৭.৭.১ ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর হিসেবে ক্রীড়ার সম্প্রসারণ ও উন্নয়নে উল্লেখযোগ্য আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান করে থাকে এমন প্রতিষ্ঠান;